# পঞ্চগড় জেলায় মুজিববর্ষ উপলক্ষে গৃহিত ১০০ টি উদ্ভাবনী উদ্যোগের (ধারণা) এর তালিকা

| ক্রম | উদ্ভাবনের নাম ও সংক্ষিপ্ত বিবরণ | বাস্তবায়নকারী কর্মকর্তা/ দপ্তর/সংস্থার নাম | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নাম | বাস্তবায়ন শুরু/শুরুর সম্ভাব্য তারিখ | প্রত্যাশিত ফলাফল | উপকারভোগী |
|---|---|---|---|---|---|---|
| ১ | **উদ্ভাবনের নাম: কন্যারত্ন: আমাদের এ্যাম্বাসেডর, আমাদের কন্যারত্ন**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর বিশেষ উদ্যোগসমূহের অন্যতম উদ্যোগ কন্যারত্ন। বাল্যবিয়ে রোধ, নারী শিক্ষার প্রসার, নারী ক্ষমতায়নের একটি ধাপ হিসেবে পঞ্চগড় জেলার স্কুলগামী মেধাবী ও অসচ্ছল কিশোরীদের "আমাদের অ্যাম্বাসেডর, আমাদের কন্যারত্ন" নামে একটি ফোরাম তৈরি করা হয়েছে। যার প্রতিপাদ্য ঠিক করা হয়েছে, "সুস্থ কিশোরী, নিরাপদ আগামী"। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্ম তারিখ ১৭ই মার্চ। এই ১৭ সংখ্যার সাথে মিল রেখে জেলার স্কুলগামী ১৭০০ কিশোরীকে নির্বাচিত করা হয়। এই নির্বাচিত ১৭০০ কন্যারত্নকে LGSP প্রকল্প থেকে বাইসাইকেল ক্রয় করে দেওয়া হয় এবং করোনা অতিমারীর কারণে স্কুলে সচেতনতা ক্যাম্পেইন সম্ভব না হওয়ায় জুম এ্যাপসের মাধ্যমে দেশের বরেণ্য ব্যক্তিবৃন্দের সমন্বয়ে তাদের জন্য প্রজনন স্বাস্থ্যশিক্ষা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে অনলাইন সচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে। পাশাপাশি তাদের আত্মপ্রত্যয়ী ও দক্ষতা বৃদ্ধির জন্য আত্মরক্ষামূলক কৌশল বুখান মার্শাল আর্ট প্রশিক্ষণসহ ডিজিটাল নিরাপত্তা বিষয়ে সাইবার সিকিউরিটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>কিশোরী মেয়েদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষায় প্রতিটি বিদ্যালয়ে গড়ে তোলা হয়েছে রিপ্রোডাকটিভ হেলথ কর্ণার। কৈশোরকালে মেয়েরা সম্মুখীন হয় বিভিন্ন বাঁধার। তারা বিদ্যালয়ে থাকা অবস্থায় কারো কাছে কিছু বলতে পারেনা। প্রয়োজনীয় কোন জিনিস কারো কাছে সময়মত পায়না। তাই প্রতিটি বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক স্যানিটারি ন্যাপকিন, টিস্যু পেপারসহ প্রয়োজনীয় ঔষধ রাখা হয়েছে রিপ্রোডাকটিভ হেলথ কর্ণারে। ফলে কিশোরীরা সহজেই স্বাস্থ্য রক্ষার প্রয়োজনীয় জিনিস হাতের কাছেই সহজেই পাচ্ছে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | মার্চ ২০২০ | ১) প্রজনন স্বাস্থ্য ও বাল্য বিয়ে সম্পর্কে সচেতন হচ্ছে এবং নিজেরাই বাল্য বিবাহ প্রতিরোধ করছে।<br>২) জুম বৈঠকের মাধ্যমে কিশোরীদের মধ্যে আত্মবিশ্বাস সৃষ্টি হয়েছে।<br>৩) সাইবার সিকিউরিটি প্রশিক্ষণ, আত্মরক্ষার প্রাথমিক কৌশল বুখান মার্শাল আর্ট প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণের মাধ্যমে কিশোরী মেয়েরা আত্মপ্রত্যয়ী হচ্ছে। | পঞ্চগড় জেলার প্রায় ২ লক্ষ কিশোরী ও তাদের পরিবার। |
| ২ | **উদ্ভাবনের নাম :** মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্নার<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন জেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমের জন্য তিন বছরের কর্মপরিকল্পনা গ্রহণ করেন, যেখানে বর্তমান সরকার প্রতিশ্রুত টেকসই উন্নয়ন অভিষ্ঠ (SDG) এর মূল প্রতিপাদ্য 'Leaving No One Behind'-স্লোগান বাস্তবায়নের প্রতিফলন ঘটে। তিন বছরের কর্মপরিকল্পনার অন্তর্ভূক্ত কিছু স্বল্প মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়, যার মধ্যে একটি হলো টেকসই উন্নয়ন অভীষ্ঠ মানসম্পন্ন শিক্ষা (এসডিজি-৪)। এ লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে একটি উদ্ভাবনী উদ্যোগ হিসেবে মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করার প্রয়াস গ্রহণ করেন। একটি জাতিকে এগিয়ে যেতে হলে | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ৯ অক্টোবর ২০১৮ | মুক্তিযুদ্ধ কর্নার স্থাপনের মাধ্যমে কোমলমতি শিশুরা স্কুলে বসেই সহজেই মুক্তিযুদ্ধ বিষয়ে জানতে পারছে। এছাড়া ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও জেলা পরিষদে স্থাপিত উন্মুক্ত মুক্তিযুদ্ধ কর্ণার নির্মাণ করার ফলে স্থানীয় জনগন মুক্তিযোদ্ধাদের ইতিহাস সর্ম্পকে স্পষ্ট ধারণা লাভ | পঞ্চগড়ের ০৩ লক্ষাধিক শিক্ষার্থীসহ পঞ্চগড়ের সর্বস্তরের মানুষ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | তার শেকড়কে জানা উচিত। আর আমাদের শেকড় হচ্ছে মহান মুক্তিযুদ্ধ। এ জন্যেই শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় অনুপ্রাণিত করে তোলা, চিন্তা-চেতনায় দেশাত্ববোধ, জাতীয়তাবোধ জাগ্রত করা তথা সুনাগরিক হিসেবে গড়ে তুলতে মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>এ জেলায় স্কুল, কলেজ, মাদরাসা, ইউনিয়ন পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, সার্কিট হাউজসহ অন্যান্য প্রতিষ্ঠানে প্রায় ১১০০ টি মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে।<br>নতুন প্রজন্মকে দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় গড়ে তুলতে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে স্থাপিত মুক্তিযুদ্ধ কর্ণারে রাখা হয়েছে শ্বেত পাথরে জাতির পিতা বঙ্গবন্ধুর ছাপচিত্র, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ছবি, পঞ্চগড় জেলার শহীদ মুক্তিযোদ্ধাদের তালিকা বোর্ড, সাত বীরশ্রেষ্ঠ এর ছবি, জাতীয় চার নেতার ছবি, স্বাধীনতা সংগ্রামে নারী মুক্তিযোদ্ধাদের ছবি, একাত্তরের গণহত্যার খন্ডচিত্রের ছবি, পাকবাহিনীর আত্ম-সমর্পন এর ছবিসহ বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধভিত্তিক অসংখ্য বই।<br>কোমলমতি শিক্ষার্থীরা স্কুলে বসেই স্থিরচিত্র ও বই পড়ার মাধ্যমে মুক্তিযুদ্ধ সর্ম্পকে, জাতির পিতা সর্ম্পকে জানতে পারছে। পূর্বে শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের ইতিহাস সর্ম্পকে জানার সুযোগ ছিল না। মুক্তিযুদ্ধ কর্নার স্থাপনের মাধ্যমে কোমলমতি শিশুরা স্কুলে বসেই বিনামূল্যে মুক্তিযুদ্ধ বিষয়ে জানতে পারছে। এছাড়া ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও জেলা পরিষদে স্থাপিত উম্মুক্ত মুক্তিযুদ্ধ কর্ণার নির্মাণ করার ফলে স্থানীয় জনগন মুক্তিযোদ্ধাদের ইতিহাস সর্ম্পকে স্পষ্ট ধারণা লাভ করতে পারছে। | | | | করতে পারছে। | |
| ৩ | **উদ্ভাবনের নাম :** ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবা ক্লিনিক<br>**সংক্ষিপ্ত বিবরণ:** "পা বাড়ালেই স্বাস্থ্য সেবা, মাটিকে ভালোবাসো, মানুষকে ভালোবাসো" এই মন্ত্রে বিশ্বাসী ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এরঁ ইনোভেটিভ সেবাসমুহের মধ্যে উল্লেখযোগ্য একটি সেবা হচ্ছে জনগনের দ্বারপ্রান্তে স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা ক্লিনিক পরিচালনা। মাদার অব হিউম্যানিটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ড্রিমচাইল্ড কমিউনিটি ক্লিনিকের সম্প্রসারিত রুপ হচ্ছে ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা ক্লিনিক। সব বয়সী সকল মানুষের সুস্বাস্থ্য ও কল্যাণ নিশ্চিতকরণের উদ্দেশ্যে ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা ক্লিনিকের মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, পাথরভাঙ্গা শ্রমিক, চা শ্রমিক, বিলুপ্ত ছিটমহলবাসী ও অনগ্রসর জনগোষ্ঠিকে যেখানে কমিউনিটি ক্লিনিক নেই সেখানে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হচ্ছে। এ কর্মপরিকল্পনার অংশ হিসেবে সিভিল সার্জন, পঞ্চগড়ের সহায়তায় প্রতি সপ্তাহের একটি নির্দিষ্ট দিনে উক্ত স্থান সমূহের নির্ধারিত জায়গায় ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা কার্যক্রম পরিচালনা করা হয়। উক্ত কার্যক্রমে জেলা প্রশাসনের একটি নির্দিষ্ট গাড়িতে একজন বিশেষজ্ঞ ডাক্তার, নার্স, ঔষধ ও প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ উপস্থিত হয়ে স্থানীয় জনগণকে স্বাস্থ্যসেবা প্রদান করে। এছাড়াও উক্ত ক্যাম্প সফল ভাবে বাস্তবায়নের লক্ষ্যে জেলা প্রশাসক বা তাঁর প্রতিনিধি অতিরিক্ত জেলা প্রাশাসক ও সহকারী কমিশনারগণ, সিভিল সার্জন, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ডিসেম্বর ২০২০ | ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, পাথরভাঙ্গা শ্রমিক, চা শ্রমিক, বিলুপ্ত ছিটমহলবাসী ও অনগ্রসর জনগোষ্ঠিকে ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবার মাধ্যমে বিনামূল্যে ঔষধ ও চিকিৎসা প্রদান করা হয়েছে। | পঞ্চগড় জেলায় প্রায় ৫০,০০০ জন মানুষ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | কল্যাণ কর্মকর্তাসহ সংশ্লিষ্ট এলাকার জনপ্রতিনিধিগণ উপস্থিত থেকে উক্ত কার্যক্রম তদারকি করেন এবং উপস্থিত সুবিধা বঞ্চিত জনগণের সমস্যার কথা শোনেন ও সমাধানের চেষ্টা করেন। এর ফলে সে এলাকার স্বাস্থ্যসেবার সুবিধা বঞ্চিত জনগণ যারা সরকার প্রদত্ত স্বাস্থ্যসেবার সুবিধা হতে বঞ্চিত কিংবা যাঁরা অসচেতনতা বা জীবিকার তাগিদে স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারে না তাঁরা প্রায় ঘরে বসেই প্রয়োজনীয় স্বাস্থ্য সেবার সুবিধা পায়। | | | | | |
| ৪ | **উদ্ভাবনের নাম : রত্নগর্ভা মা সন্মাননা প্রদান**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীতে জেলা প্রশাসন, পঞ্চগড় কর্তৃক নানাবিধ কর্মসূচী আয়োজন করা হয়। তবে মুজিববর্ষে নানাবিধ কর্মসূচী শুরুর পূর্বে স্মরণ করা হয় সেই সকল মায়েদের যাঁদের অনুপ্রেরণায় জাতির সূর্য সন্তানেরা পাকিস্তানি হানাদারদের পরাজিত করে ছিনিয়ে এনেছে লাল সবুজ পতাকা, যে মায়েরা ১৯৭১ সালের সেই উত্তাল দিনগুলোতে জীবন বাজি রেখে হাসিমুখে যুদ্ধের ময়দানে পাঠিয়েছেন তাঁদের আদরের সন্তানদের। কোনো কোনো মা হয়তো জানতেনই না যে তাঁর সন্তান মহান স্বাধীনতার যুদ্ধে গেছেন। যে সন্তান পরে ফিরে এসেছেন গাজী হয়ে, অনেকে আবার ফিরেও আসেননি, হয়েছেন শহীদ। যে মায়েরা নিশ্চিত মৃত্যু জেনেও দেশের জন্য, দেশের সাত কোটি মানুষের জন্য, লাখো মা-বোনদের জন্য তাঁদের সন্তানদের যুদ্ধে পাঠিয়েছেন নিজে বুকে পাথর বেঁধে, মহান স্বাধীনতা যুদ্ধে সেই মায়েদের অবদানের স্বীকৃতিস্বরূপ জেলা প্রশাসন, পঞ্চগড় কর্তৃক দেওয়া হয় “রত্নগর্ভা মা” সন্মাননা।<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন ও জন্মশতবার্ষিকীর ক্ষণগননা অনুষ্ঠানের উদ্বোধন উপলক্ষ্যে ১০ জানুয়ারি ২০২০ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় কেন্দ্রীয় শহীদ মিনারে বীর মুক্তিযোদ্ধার মায়েদের প্রদান করা হয় “রত্নগর্ভা মা” সন্মাননা। উক্ত অনুষ্ঠানে পাঁচ উপজেলা হতে মোট ৩৭ জন “রত্নগর্ভা মা” এসে উপস্থিত হন, যাদের বয়স ৮০ বছরের বেশি। জীবনের শেষ মুহূর্তে এমন ভালোবাসা পেয়ে আবেগাপ্লুত হয়ে ওঠেন রত্নগর্ভা মায়েরা। পঞ্চগড় জেলার জেলা প্রশাসক ড. সাবিনা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন রংপুর বিভাগের প্রাক্তন বিভাগীয় কমিশনার জনাব কে এম তারিকুল ইসলাম। অনুষ্ঠানে রত্নগর্ভা মায়েদের গায়ে চাদর পড়িয়ে দেওয়া হয়, হাতে ফুল, শাড়ি, সন্মাননা ক্রেষ্ট, সনদসহ উত্তরীয় পরিয়ে দেন অতিথিরা। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১০ জানুয়ারি ২০২০ | নিজে বুকে পাথর বেঁধে, মহান স্বাধীনতা যুদ্ধে সেই মায়েদের অবদানের স্বীকৃতিস্বরূপ জেলা প্রশাসন, পঞ্চগড় কর্তৃক দেওয়া হয় “রত্নগর্ভা মা” সন্মাননা। | বীর মুক্তিযোদ্ধাগণ, তাঁদের জীবিত ৩৭ জন রত্নগর্ভা মা এবং পঞ্চগড়ের সকল শ্রেণি-পেশার মানুষ। |
| ৫ | **উদ্ভাবনের নাম : পঞ্চবাজার**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** "ঘরত রহেন, হামরা খরচ করে দিমো" (অর্থাৎ ঘরেই থাকুন, আমরা বাজার করে দিবো।) শিরোনামে পঞ্চবাজার নামক একটি অনলাইন বাজারের মাধ্যমে চাহিদা অনুযায়ী নিত্য প্রয়োজনীয় পণ্য ও ওষুধ সংগ্রহ করে মানুষের ঘরে পৌঁছে দিচ্ছে জেলা প্রশাসন, পঞ্চগড় ।<br>লকডাউনের সময় জরুরি প্রয়োজন ছাড়া নাগরিকদের ঘর থেকে বের না হওয়ার নির্দেশ দিয়েছে সরকার। আর এই সময়ে যারা ঘর থেকে বের না হয়ে নিত্যপ্রয়োজনীয় পণ্য- | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ডিসেম্বর ২০২০ | পঞ্চবাজার নামক অনলাইন বাজারের মাধ্যমে চাহিদা অনুযায়ী ঘরে বসে নিত্য প্রয়োজনীয় পণ্য ও ওষুধ সংগ্রহ করে মানুষ উপকৃত হচ্ছেন। | পঞ্চগড়ের অসংখ্য মানুষ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ওষুধ কিনতে চাচ্ছেন তাদের সহায়তা করছে জেলা প্রশাসন। হোম কোয়ারেন্টাইনে থাকা ও স্বেচ্ছায় ঘরে থাকা সাধারণ মানুষের চাহিদা অনুযায়ী কাঁচা বাজার থেকে নিত্যপ্রয়োজনীয় পণ্য, বা ফার্মেসি থেকে ওষুধ কিনে ঘরে ঘরে পৌঁছে দেয়া হচ্ছে। সাধারণ মানুষদের ঘরে থাকার উৎসাহ দিতে এই সহযোগিতা করা হচ্ছে। এই সেবা দেওয়ার উদ্দেশ্য হলো- জনমানুষের কাছে সচেতনতার বার্তাটা পৌঁছে দেওয়া। প্রতিদিন অসংখ্য মানুষ ফোন করছেন। চাহিদা অনুযায়ী সকল সেবা দেওয়া হচ্ছে। | | | | | |
| ৬ | **উদ্ভাবনের নাম : অনলাইন ক্লাস**<br>(জুম এ্যাপ, ফেসবুক লাইভ ও লোকাল ক্যাবল নেটওয়ার্কে প্রচার)<br>**সংক্ষিপ্ত বিবরণ:** করোনা মহামারীর সময়ে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হয়ে যাওয়ায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বন্ধ হয়ে যায়। এ সময়ে শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা বিবেচনা করে জেলা প্রশাসন, পঞ্চগড় ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করে। "তোমার ঘর, তোমার স্কুল” নামে অনলাইন ক্লাস শুরু করা হয়। এই উদ্ভাবনী উদ্যোগটি ২০ জুন, ২০২০ তারিখে উদ্বোধন করেন প্রাক্তন রংপুর বিভাগীয় কমিশনার জনাব কে এম তারিকুল ইসলাম। পিইসি, জেএসসি এবং এসএসসি শিক্ষার্থীদের জন্য প্রতিদিন বিভিন্ন বিষয়ে অনলাইনে জুম এ্যাপের মাধ্যমে ক্লাস পরিচালনা করা হয়। বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকগণ জেলা প্রশাসনের সম্মেলন কক্ষ থেকে প্রতিদিন ক্লাসগুলো পরিচালনা করেন। শিক্ষার্থীরা সরাসরি সংযুক্ত হয়ে ক্লাসে অংশগ্রহণ করা ছাড়াও তারা তাদের শিক্ষকদের বিভিন্ন প্রশ্ন করে তাদের উত্তরগুলো জেনে নিতে পারছে। ফলে অনলাইন ক্লাস হলেও সেটি হচ্ছে অংশগ্রহণমূলক। শুধু জুম এ্যাপের মাধ্যমেই নয়, প্রতিদিনের অনলাইন ক্লাসগুলো লোকাল ক্যাবল নেটওয়ার্কের টিভি পর্দায় এবং ডিসি পঞ্চগড় মিডিয়া সেলেও লাইভ প্রচার করা হয়েছে। ফলে যাদের নেটওয়ার্ক সুবিধা নেই তারাও টিভিতে ক্লাসগুলো উপভোগ করতে পারছে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | জুন-জুলাই ২০২০ | জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ঘরে বসেই লোকাল ক্যাবল নেটওয়ার্কের টিভি পর্দায় এবং ডিসি পঞ্চগড় মিডিয়া সেলে ক্লাসগুলো উপভোগ করতে পারছে। | সকল স্তরের শিক্ষার্থীবৃন্দ |
| ৭ | **উদ্ভাবনের নাম : কারা অভ্যন্তরে মুক্তমঞ্চ স্থাপন**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় SDG এর মূল শ্লোগান Leaving No One Behind বাস্তবায়নের অংশ হিসেবে কারা অভ্যন্তরে যারা থাকেন জাতীয় দিন গুলোর আনন্দ আয়োজন হতে তারা বঞ্চিত হন। বিষয়টিকে গুরুত্বের সাথে দেখে সমাজসেবা অধিদপ্তরের সহায়তায় পঞ্চগড় জেলা কারাগারের অভ্যন্তরে কারাবন্দীদের জন্য একটি মুক্তমঞ্চ নির্মান করা হয়েছে। উক্ত মঞ্চে স্বাধীনতা দিবস, বিজয় দিবস, আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, জাতীয় শোক দিবস সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবসে কারাবন্দীদের আয়োজনে বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ড অনুষ্ঠিত হয়। উক্ত মঞ্চের নাম রাখা হয়েছে “সংকল্প” যাতে করে তারা এ মঞ্চে দাঁড়িয়ে আগামী দিনগুলোতে কোন অপরাধে না জড়ানোর সংকল্প গ্রহণ করতে পারে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৬ ডিসেম্বর ২০১৮ | জেলখানার বন্দিদশায় থাকা কয়েদিরা নিজেদের শুধু অপরাধী হিসেবে না ভেবে বরং কিছুটা উন্নত মানুষ হিসেবে নিজেদের ভাবতে পারবে এবং তারা কোন অপরাধে না জড়াবে না। | জেলখানায় অবস্থানরত সকল কারাবন্দী |
| ৮ | **উদ্ভাবনের নাম : মানচিত্র ভাস্কর্য নির্মাণ**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে ভাষা আন্দোলন থেকে শুরু করে মুক্তিযুদ্ধ অর্থাৎ ১৯৫২-১৯৭১ সাল পর্যন্ত ঐতিহাসিক পটভূমি চিত্রায়িত করার উদ্দেশ্যে সার্কিট হাউজে বাংলাদেশের মানচিত্র ভাস্কর্য বাংলাদেশ- | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০১৯ | সকল স্তরের জনসাধারণ পরিদর্শন করছেন এবং মুক্তিযুদ্ধ বিষয়ক শিক্ষা লাভ করছেন। | ছাত্র-ছাত্রী ও সর্বস্তরের জনসাধারণ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | আমার ভালবাসা (সাইজ: ২০ফুট X ১০ফুট) স্থাপন করা হয়েছে। | পঞ্চগড় | | | | |
| ৯ | **উদ্ভাবনের নাম : অপ্রতিরোধ্য বাংলাদেশ ম্যুরাল**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে পঞ্চগড় সার্কিট হাউজ প্রাঙ্গাণে বস্থিত বাংলাদেশ-আমার ভালবাসা চত্বরে "অপ্রতিরোধ্য বাংলাদেশ" নামে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ, পদ্মা সেতু, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র টেরাকোটার মাধ্যমে তুলে ধরা হয়েছে। সেখানে বঙ্গাবন্ধু স্যাটেলাইটের রেপ্লিকা স্থাপন করা হয়েছে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০১৯ | বাংলাদেশের উন্নয়ন চিত্র প্রদর্শিত হয়েছে | ছাত্র-ছাত্রী ও সর্বস্তরের জনসাধারণ |
| ১০ | **উদ্ভাবনের নাম : জেলা প্রশাসক বুক রিভিউ প্রতিযোগিতা**<br>**সংক্ষিপ্ত বিবরণ**: ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে এসডিজি-৪: মানসম্মত শিক্ষা বাস্তবায়নের উদ্দেশ্যে শিক্ষার্থীদের মধ্যে মুক্তিযুদ্ধের চেতনা ছড়িয়ে দিতে ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার প্রয়াসে পঞ্চগড়ের জেলা ও উপজেলা পর্যায়ের সকল প্রাথমিক বিদ্যালয়ে, '**বুক রিভিউ প্রতিযোগিতা**'আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল।<br>স্কুল পর্যায়ে স্ব স্ব বিদ্যালয় প্রতিযোগিতা আয়োজন করে বিজয়ীদেরকে পুরস্কৃত করা হয়েছিল। পরবর্তীতে উপজেলা এবং জেলা পর্যায়ে পুরস্কৃত করা হয়েছে। বুক রিভিউ প্রতিযোগিতায় মুক্তিযুদ্ধ কর্ণার হতে বাছাইকৃত বঙ্গবন্ধুকে নিয়ে রচিত বই পাঠের মাধ্যমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ডিসেম্বর ২০১৮-অদ্যাবধি | বিভিন্ন উপজেলা এবং জেলা পর্যায়ের সকল বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ বুক রিভিউ প্রতিযোগিতার মাধ্যমে বঙ্গাবন্ধুকে জানতে পেরেছে। | সকল শিক্ষার্থীবৃন্দ |
| ১১ | **উদ্ভাবনের নাম : এসডিজি ভিলেজ**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে মুজিববর্ষ উপলক্ষে যতগুলো কর্মসুচি হাতে নেয়া হয়েছে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো এসডিজি ভিলেজ স্থাপন। তিনি সদর উপজেলার হাফিজাবাদ ইউনিয়নে চার নম্বর ওয়ার্ডের খালপাড়া গ্রামটিকে এসডিজি ভিলেজ স্থাপন করার উদ্যোগ গ্রহণ করেছেন।<br>ইতোমধ্যে জেলা প্রশাসনের উদ্যোগে এই গ্রামের প্রত্যেকটি বাড়ির তথ্য সংগ্রহ করা হয়েছে। উক্ত গ্রামে ১৬২ টি পরিবারের মধ্যে ছাত্রছাত্রী, চাকুরিজীবী, শ্রমিকের একটি তালিকা করা হয়েছে। মুজিববর্ষে কৃষি বিভাগ জমিতে চাষাবাদের কলাকৌশল, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগ শিক্ষা বিষয়ে অগ্রগতি, বন বিভাগ সবুজ বনায়নের, বেকারত্ব বিষয়ে সমবায় বিভাগ ও যুব উন্নয়ন অধিদপ্তর পঞ্চগড় পর্যবেক্ষণ করছে। এছাড়াও এই গ্রামের সুচিকিৎসা নিশ্চিতের বিষয়ে পর্যবেক্ষণ করছে স্বাস্থ্য বিভাগ। পুরো প্রক্রিয়া সম্পন্ন হলে এই এসডিজি ভিলেজটি সারা বাংলাদেশের মডেল হতে পারে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০১৯ | গ্রামটি শিক্ষিত, ক্ষুধা, দারিদ্রমুক্ত, আধুনিক উন্নত গ্রাম হিসেবে প্রতিষ্ঠিত হবে। | খালপাড়া গ্রামের জনগণ । |
| ১২ | **উদ্ভাবনের নাম : পঞ্চগড় সদর উপজেলাকে স্কাউটস উপজেলা হিসেবে ঘোষণা**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে বাংলাদেশ স্কাউটসের নীতিমালার শর্ত মোতাবেক কোনো উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে কাব/স্কাউটস/রোভার স্কাউটস দলের স্কাউটস কার্যক্রম চালু থাকলে সেই উপজেলাকে স্কাউটস উপজেলা হিসেবে নির্বাচন করা হয়। পঞ্চগড় সদর উপজেলা এ নীতিমালার সকল শর্ত পূরণ করতে সক্ষম হয়েছে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০১৯ | পঞ্চগড় সদর উপজেলা স্কাউটস উপজেলার মর্য়াদা লাভ। | পঞ্চগড় সদর উপজেলার শিক্ষক ও ছাত্রছাত্রীবৃন্দ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পঞ্চগড় সদর উপজেলা অনলাইনে শতভাগ স্কাউট মেম্বারশীপও ইউনিট রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করায়, পঞ্চগড় সদর উপজেলাকে স্কাউটস উপজেলা হিসেবে আনুষ্ঠানিক ঘোষণা করা হয়। এ শতভাগ কাব, স্কাউটও রোভার উপজেলা হিসেবে ঘোষণা প্রদান করেন প্রধান অতিথি পঞ্চগড় জেলা প্রশাসক ড. সাবিনা ইয়াসমিন।<br>অনুষ্ঠানে সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, মাদরাসা ও কলেজের প্রধান, সকল কাব শিক্ষক, স্কাউট শিক্ষক, রোভার স্কাউট শিক্ষক, ইউপি চেয়ারম্যান, গণ্যমান্য ব্যক্তিসহ স্কাউট সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। | | | | | |
| ১৩ | **উদ্ভাবনের নাম : সোনার বাংলা পার্ক স্থাপন**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে মুজিববর্ষ উপলক্ষে পঞ্চগড় শহরে করতোয়া নদী তীরবর্তী তুলারডাঙ্গা বাঁধ এলাকায় গড়ে তোলা হয়েছে সোনার বাংলা পার্ক। পঞ্চগড়ে সর্বস্তরের মানুষের বিশ্রাম, হাঁটাচলা ও চিত্ত বিনোদনের জন্য কোনও পার্ক নেই। এলাকাবাসী দীর্ঘদিন ধরে একটি পার্ক স্থাপনের দাবি জানিয়ে আসছিল। এরই ধারাবাহিকতায় করতোয়া নদীকে ঘিরে পার্ক স্থাপনের জায়গা নির্ধারণ করে পরিকল্পনা হাতে নেন জেলা প্রশাসক ড. সাবিনা ইয়াসমিন। বাঁধ থেকে নদীর পাড় পর্যন্ত ২০০ মিটার জায়গায় তৈরি হয়েছে পার্কটি। এতে রয়েছে ছাতাসহ ৪টি চেয়ার, ১০টি বসার বেঞ্চ, ২টি পাবলিক টয়লেট, ২টি ফটক, ২টি হ্যান্ডটিউব ওয়েল, ৬টি খেলনা রাইডসহ সৌন্দর্যবর্ধক গাছ ও ফুলের বাগান। এটি পর্যটকদের মধ্যে ঘুরে বেড়ানো ও আনন্দ উদযাপনের জন্য জনপ্রিয় হয়ে উঠেছে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ সাল | পঞ্চগড়ে সাধারণ মানুষের চিত্তবিনোদনের সুযোগ সৃষ্টি হয়েছে। | পঞ্চগড় পৌরসভাসহ সকল জনগণ |
| ১৪ | **উদ্ভাবনের নাম : মুজিব চিরঞ্জীব (**জাতির পিতাকে নিবেদিত দুই বাংলার কবিদের কবিতা সংকলন)<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর সম্পাদনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিবেদিত দুই বাংলার কবিদের কবিতার সমন্বয়ে এক মহান সৃষ্টি “মুজিব চিরঞ্জীব” কাব্যগ্রন্থ। জাতির পিতার শততম জন্মদিনে জেলা প্রশাসন, পঞ্চগড় কর্তৃক গৃহিত বেশ কিছু জনকল্যাণমুখি উদ্যোগের পাশাপাশি প্রশাসনিক শত ব্যস্ততার মাঝেও তিনি ‘মুজিব চিরঞ্জীব’ সম্পাদনা ও প্রকাশ করেছেন। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৭ মার্চ ২০২০ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিবেদিত দুই বাংলার কবিদের কবিতা সম্পর্কে ধারণা লাভ। | সর্বস্তরের জনসাধারণ। |
| ১৫ | **উদ্ভাবনের নাম :** কিংবদন্তী ইতিহাস ও ঐতিহ্য গ্যালারি<br>**সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে মুজিববর্ষ উপলক্ষে পঞ্চগড় জেলা প্রশাসকের কার্যালয়ে গড়ে তোলা হয়েছে কিংবদন্তী ইতিহাস ও ঐতিহ্য গ্যালারি। গ্যালারিতে বিশেষ প্রদর্শনীর মাধ্যমে তুলে ধরা হয়েছে আমাদের ইতিহাস, সংস্কৃতি ও ঐতিহ্যের প্রামাণ্য ভিত্তিক পরিচিতি। এখানে রয়েছে মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু, পঞ্চগড়ের দর্শনীয় স্থান, আবহমান বাংলার বিভিন্ন ধরণের ছবি। দেশ ও জাতির গৌরবময় ইতিহাসকে এখানে তুলে ধরা হয়েছে ভবিষ্যৎ প্রজন্মকে জানানোর উদ্দেশ্যে। নতুন ভবিষ্যতের দিকে বাঙালির অগ্রযাত্রার আশা জাগানো এ ছবিই জানিয়ে দেয়, দীর্ঘ রক্তাক্ত পথ পেরিয়ে আসা বাঙালি ঠিকই যেতে পারবে তার স্বপ্নের সোনালি সোপানে। এর পাশাপাশি বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ নিয়ে বাংলাদেশের বিভিন্ন লেখকের প্রায় দুই শতাধিক বই প্রদর্শনীতে রাখা হয়েছে। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২০ সাল | বাংলাদেশের মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু, পঞ্চগড়ের দর্শনীয় স্থান, আবহমান বাংলার বিভিন্ন ধরণের ছবি এবং দেশ ও জাতির গৌরবময় ইতিহাসকে এখানে তুলে ধরা হয়েছে ভবিষ্যৎ প্রজন্মকে জানানোর উদ্দেশ্যে। | জেলা প্রশাসকের কার্যালয়ে আগত দর্শনার্থীবৃন্দ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৬ | **উদ্ভাবনের নাম : সিসি টিভি ক্যামেরা দ্বারা জেলা সকল দপ্তরকে সংযুক্তকরণ ও তত্ত্বাবধান।** **সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে মুজিববর্ষ উপলক্ষ্যে জেলা প্রশাসনের উদ্যোগে পঞ্চগড় জেলায় মোট ১১৫ টি সিসি টিভি ক্যামেরা বসানো হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, সরকারি সকল দপ্তরসহ বিভিন্ন রাস্তার মোড়ে বসানো হয় এই ক্যামেরাগুলো। ফলে এ জেলায় কমে গিয়েছে চুরি, ছিনতাইসহ অনেক অপরাধ। মানবজীবন পূর্বের তুলনায় অনেক সহজ হয়ে গিয়েছে। অপরাধ সংগঠিত হলেও সহজে ধরা পড়ছে অপরাধী। এছাড়া উর্দ্ধতন কর্তৃপক্ষ নিজ অফিসে বসে ইউনিয়ন ভূমি অফিসসহ দূরবর্তী অন্যান্য অফিসের কার্যক্রম তদারকি করতে পারছেন। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৬ ডিসেম্বর ২০২০ | ১। সিসি টিভি ক্যামেরা বসানোর ফলে এ জেলায় চুরি, ছিনতাইসহ অনেক অপরাধ কমে গেছে। ২। উর্দ্ধতন কর্তৃপক্ষ নিজ অফিসে বসে ইউনিয়ন ভূমি অফিসসহ দ্রবর্তী অন্যান্য অফিসের কার্যক্রম তদারকি করতে পারছেন। | এ জেলার জনসাধারণ। |
| ১৭ | **উদ্ভাবনের নাম : অনলাইন অস্ত্রের লাইসেন্স** **সংক্ষিপ্ত বিবরণ:** পূর্বে অস্ত্রের লাইসেন্স পাওয়া যেতো ম্যানুয়ালী। নাগরিক সেবা সহজ করতে মুজিববর্ষে আরেকটি অনন্য উদ্যোগ অস্ত্রের অনলাইন লাইসেন্স প্রদান। Smart Fire Arms Licence Management System এর মাধ্যমে সহজেই দেয়া হচ্ছে অস্ত্রের লাইসেন্স। ফলে জনজীবনে ভোগান্তি কমেছে। সময় ব্যয় হচ্ছে না। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ সাল | Smart Fire Arms Licence Management System এর মাধ্যমে সহজেই অস্ত্রের লাইসেন্স প্রদান। | এ জেলার সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্স গ্রহিতা। |
| ১৮ | **উদ্ভাবনের নাম : বীর মুক্তিযোদ্ধাদের জন্য সংরক্ষিত আসন** **সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর মুজিববর্ষ উপলক্ষ্যে আরেকটি অনন্য উদ্যোগ বীর মুক্তিযোদ্ধাদের জন্য আসন সংরক্ষণ। জেলা প্রশাসকের কার্যালয়সহ প্রতিটি সরকারি দপ্তরে বীর মুক্তিযোদ্ধাদের জন্য আসন সংরক্ষণ করা হয়েছে। ফলে বীর মুক্তিযোদ্ধাগণ যে কোন দপ্তরে যে কোন প্রয়োজনে গেলে তাদের জন্য সংরক্ষিত আসনে বসতে পারেন। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | মার্চ ২০২১ | বীর মুক্তিযোদ্ধাদের জন্য সরকারি অফিসে আসন সংরক্ষণের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধাদেরকে যথাযথ সম্মান প্রদর্শন করা হয়েছে। | সকল বীর মুক্তিযোদ্ধা। |
| ১৯ | **উদ্ভাবনের নাম : ওয়াস ব্লক** **সংক্ষিপ্ত বিবরণ:** করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধে ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এঁর উদ্যোগে সচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসাবে ওয়াস ব্লক স্থাপন করা হয়। অফিসে প্রবেশের পূর্বে ভাল করে হাত ধৌত করার জন্য সাবান পানির ব্যবস্থা করা হয়। সকল অফিসের পাশাপাশি বাজার, বাসটার্মিনালসহ জেলার বিভিন্ন স্থানে ওয়াস ব্লক নির্মাণ করা হয় যাতে সবাই নিরাপদে থাকতে পারে। বার বার সাবান পানি দিয়ে হাত ধুতে পারে। নিজে সুস্থ্য থেকে সবাইকে সুস্থ্য রাখার জন্য জেলা প্রশাসনের এ উদ্যোগ। | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ সাল | করোনাকালে সর্বসাধারণের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা হয়েছে। | সকল জনগন। |
| ২০ | **উদ্ভাবনের নাম : ডিসি পার্ক সংস্কার** **সংক্ষিপ্ত বিবরণ:** ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় এরঁ উদ্যোগে পঞ্চগড় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে পরিত্যক্ত ডিসি পার্কটিকে ঢেলে সাজানো হচ্ছে। সংস্কার করে চিত্ত বিনোদনের সুযোগসহ দৃষ্টিনন্দনভাবে সাজানো হচ্ছে পার্কটি। নিয়মিত পরিচর্যা ও অবহেলায় ডিসিপার্কটি প্রবেশের অনুপযোগী হয়ে পড়েছিল। পুরো পার্ক জঙ্গলে ঢেকে যায়। পার্কের ভেতর তখন গোচারণ ভূমিতে পরিণত হয়। বেশ কয়েক বছর ধরে ডিসি পার্কটি এমন বেহালের মধ্যেই ছিল। সম্প্রতি বিষয়টি নজরে | ড. সাবিনা ইয়াসমিন, জেলা প্রশাসক, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২০ সাল | শিশুদের চিত্ত বিনোদনের সুযোগ সৃষ্টি হয়েছে। | পঞ্চগড়ের সকল শিশু-কিশোর। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | আসে পঞ্চগড়ের জেলা প্রশাসকের। এরপর জেলা প্রশাসনের উদ্যোগে পুরো পার্কটি ঢেলে সাজানো হচ্ছে। শিশুদের চিত্তবিনোদনের জন্য বিভিন্ন নতুন রাইড বসানো হয়েছে। পার্কের সীমানা দেয়ালটিও বিভিন্ন কারুকাজে সাজিয়ে তোলা হয়েছে। শুধু চিত্ত বিনোদনের কেন্দ্র নয়, শিল্প-সংস্কৃতি চর্চারও অন্যতম কেন্দ্র হিসেবে গড়ে তোলা হচ্ছে ডিসি পার্কটি। প্রাকৃতিক পরিবেশে তারা খেলাধুলার সুযোগ পেয়েছে। শিশুদের একটি আনন্দময় শৈশব উপহার দিচ্ছে পার্কটি। | | | | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২১ | **১) উদ্ভাবনের নাম : মুজিববর্ষের অঙ্গিকার, থাকবোনা বেকার,** ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ **হবে আমাদের হাতিয়ার**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বোদা উপজেলায় বেকার সমস্যা দূরীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উদ্দেশে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ দিয়ে ঘরে বসে রেমিটেন্স আয়ের মাধ্যমে বেকার যুবকদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যেতে পারে। ইতোমধ্যে ৬০ জন প্রশিক্ষনার্থী অনলাইনে আবেদন পাওয়া গিয়েছে এবং বিভিন্ন ইউনিয়নে প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী প্রশিক্ষনার্থী রয়েছে। আবেদনকৃত প্রশিক্ষনার্থী মধ্য হতে ২০ জন করে প্রতিটি ব্যাচ সৃজন করে ০৬টি মডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।<br>(২) **উদ্যোগের শিরোনাম: বোদা উপজেলায় 'পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর' কার্যক্রম পরিচালনা।**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** বোদা উপজেলায় ১০ টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় প্রায় ৩ লক্ষাধিক মানুষের বসবাস। এই বোদা উপজেলায় পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের জন্য পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর' কার্যক্রম অংশ হিসেবে প্রথমে পৌরসভায় পরিচ্ছন্নতা নিশ্চিত করণের জন্য পৌরসভার ৩নং ওয়ার্ডে কার্যক্রম পরিচালনা করা হবে। এরপর সমগ্র উপজেলায় কার্যক্রমের ব্যাপকভাবে পরিচালনা করা হবে। এ ওয়ার্ডে প্রায় ৭০০০ মানুষ বসবাস করে। এখানে আবাসিক এবং অনাবাসিক এবং বাণিজ্যিক মিলে প্রায় ৪০০০ হোল্ডিংধারী বসবাস করে। যার আয়তন ১.২ বর্গ কি.মি.। এত জনবহুল এলাকায় পরিস্কার-পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনার জন্য পরিচ্ছন্নতাকর্মীর অপ্রতুলতা রয়েছে। আবাসিক ও বাণিজ্যিক এলাকায় যে পরিমাণ বর্জ্য তৈরী হয় তা সঠিকভাবে সংরক্ষণ বা ব্যবস্থাপনার অভাবে দুর্গন্ধ ছড়ায় ও মশা-মাছির উৎপাত বৃদ্ধি পায় এবং রোগ বালাই সংক্রমণের শংকা তৈরী হয়। তাই পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীর পাশাপাশি স্বেচ্ছাসেবক নিয়োগ, প্রচারণা, মোটিভেশন এবং পুরস্কারের মাধ্যমে প্রতিটি বাসা বাড়িতে গিয়ে আবর্জনা সংগ্রহ করে পরিস্কার-পরিচ্ছন্ন করা যেতে পারে। | জনাব মো: সোলেমান আলী, উপজেলা নির্বাহী অফিসার, বোদা, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ০১/০১/২০২১ | ১) বোদা উপজেলায় বেকার সমস্যা দূর হবে।<br>২) ময়লা আবর্জনা সঠিক ভাবে সংগ্রহ করে ডাম্পিং করার ফলে বিভিন্ন প্রকার দূষণ রোধ হবে এবং উক্ত এলাকার মানুষের জীবনযাত্রারমান ও স্বাস্থ্যের উন্নয়ন হবে এবং উপজেলাবাসী রোগ বালাই থেকে মুক্তি পাবে। | ১) ১২০ জন বেকার যুবক।<br>২) বোদা উপজেলায় ১০ টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় প্রায় ৩ লক্ষাধিক মানুষ। |
| ২২ | **উদ্ভাবনের নাম : কর্মসংস্থানের সৃষ্টি ও আর্থিক স্বচ্ছলতা অর্জন**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** এ উপজেলার শিক্ষিত বেকার যুব ও যুব মহিলা ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করা এবং স্বাবলম্বী করে গড়ে তোলাই | জনাব প্রত্যয় হাসান, উপজেলা | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৭ মার্চ ২০২০ হতে ১৬ | ১) দেবীগঞ্জ উপজেলার শিক্ষিত বেকার যুব ও যুব মহিলা ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান | ১) দেবীগঞ্জ উপজেলার শিক্ষিত বেকার যুব ও যুব |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মূল উদ্দেশ্য। এ উদ্যোগের মাধ্যমে কম্পিউটার ট্রেডেইন্টারনেট ও নেটওয়ার্কিংসহ কম্পিউটার বেসিক কোর্স, ওয়েবডিজাইনিং এবং কম্পিউটার গ্রাফিক্স কোর্স বেকার যুব ও যুবমহিলাদের হাতে কলমে বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ উদ্যোগের মাধ্যমে উপজেলার যুগোপযোগী ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে বেকার শিক্ষিত যুবক ও যুবমহিলার কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী হবে।<br>**২। উদ্ভাবনের নাম : দেবীগঞ্জ উপজেলায় 'পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর' কার্যক্রম পরিচালনা**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** আমাদের উদ্দেশ্য হচ্ছে সর্বসাধারণের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার দৈনন্দিন অভ্যাস গড়ে তোলার পাশাপাশি এ বিষয়ে তাদেরকে সচেতন করা। মশাবাহিত, পানিবাহিত, বায়ুবাহিত ও মৌসুমিরোগ-বালাই থেকে পরিত্রাণ পাওয়া। সেই সঙ্গে প্লাস্টিক-পলিথিনের ব্যবহার বর্জন এবং জলাবদ্ধতা দূরীকরণের মাধ্যমে নতুন প্রজন্মকে উন্নত পরিচ্ছন্ন বাংলাদেশের চেতনায় উদ্বুদ্ধ করা ও তাদের মধ্যে পরিচ্ছন্নতার বোধ ও অভ্যাস গড়ে তোলা। এ উপজেলা প্রথম পর্যায়ে ইউনিয়নের ওয়ার্ডগুলোতে কাজ চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বর্তমানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম আরও জোরদার করা চলমান রয়েছে। | নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড় | | ডিসেম্বর ২০২১<br><br>১৭ মার্চ ২০২০ হতে ১৬ ডিসেম্বর ২০২১ : | সৃষ্টি।<br><br>২) সর্বসাধারণের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার দৈনন্দিন অভ্যাস গড়ে তোলার পাশাপাশি এ বিষয়ে তাদেরকে সচেতন করা। | মহিলা।<br><br>২) দেবীগঞ্জ উপজেলার সর্বসাধারণ |
| ২৩ | **উদ্ভাবনের নাম : মুজিববর্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রচিত বই বিতরণ**<br>**সংক্ষিপ্ত বিবরণ:** যুবসমাজ, জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, সরকারি কর্মচারী, সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের (প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) ছাত্র-ছাত্রীদের মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রচিত অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজ নামচা ও আমার দেখা নয়াচীন এই তিনটি বই বিতরণ করা এবং প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে বুক রিভিউ ও শিক্ষার্থীদের ক্ষেত্রে কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিমাসে একটি নির্দিষ্ট সময় অন্তর এ প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে ২০২০-২১ অর্থবছরে ২০,০০০ (বিশ হাজার) পাঠকের নিকট এই বই তিনটি পৌছানো এবং তাদের এই বই পড়া উৎসব সম্পৃক্ত করা হয়েছে এবং উদ্যোগ চলমান রয়েছে। | জনাব সোহাগ চন্দ্র সাহা, উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২০-২১ অর্থ বছর | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রচিত অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজ নামচা ও আমার দেখা নয়াচীন বই পাঠের মাধ্যমে জ্ঞান অর্জন। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ |
| ২৪ | **উদ্ভাবনের নাম : মুজিব বর্ষে অপ্রতিরোধ্য বাংলা জাদুঘর নির্মাণ**<br>**সংক্ষিপ্ত বর্ণনা** : উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনায় পরিচালিত তেঁতুলিয়া পিকনিক কর্ণারের পুরাতন টিনশেড ঘরটিকে সংস্কারপূর্বক তেঁতুলিয়ায় আগত ভ্রমণ পিপাসু পর্যটক/দর্শনার্থী ও ভবিষ্যত প্রজন্মের মাঝে বাংলাদেশের সৃষ্টির উষালগ্ন হতে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ, স্বপ্লোন্নত দেশ হতে উন্নয়শীল দেশে রূপান্তর, বর্তমান অবস্থান, ভিশন ২০২১, ভিশন ২০৪১ এবং ডেল্টাপ্লান ২১০০ পর্যন্ত পরিকল্পনার স্থির চিত্র প্রদর্শনী স্থাপন করা হয়েছে। | জনাব সোহাগ চন্দ্র সাহা, উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ | ভবিষ্যত প্রজন্মকে বাংলাদেশের সৃষ্টির উষালগ্ন হতে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ, স্বপ্লোন্নত দেশ হতে উন্নয়শীল দেশে রূপান্তর, বর্তমান অবস্থান, ভিশন ২০২১, ভিশন ২০৪১ এবং ডেল্টাপ্লান ২১০০ পর্যন্ত ধারণা প্রদান। | আগত ভ্রমণ পিপাসু পর্যটক/ দর্শনার্থী। |
| ২৫ | **উদ্ভাবনের নাম : 'তর্জনী স্তম্ভ' স্থাপন**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী স্মরণে উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ কমপ্লেক্স ভবন প্রাঙ্গনের সম্মুখ অংশে ঐতিহাসিক ৭ই মার্চ, ২০২১ খ্রি. তারিখে 'তর্জনী স্তম্ভ' স্থাপন করা হয়। | জনাব সোহাগ চন্দ্র সাহা, উপজেলা নির্বাহী | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২০-২১ অর্থ বছর | ঐতিহাসিক ৭ই মার্চের ইতিহাস সম্পর্কে স্মরণ করে দেওয়া। | সর্বস্তরের জনগণ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় | | | | |
| ২৬ | **উদ্ভাবনের নাম :** কৃষকদেরকে গভীর/অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স সেবা প্রদান কার্যক্রমের দীর্ঘসূত্রিতা নিরসন<br>**সংক্ষিপ্ত বর্ণনা :** ইউনিয়ন পরিষদ হতে প্রদত্ত বিভিন্ন সনদপত্র প্রদান, উপজেলা সেচ কমিটি কর্তৃক কৃষকদেরকে গভীর/অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স সেবা প্রদান কার্যক্রমের দীর্ঘসূত্রিতা নিরসনের লক্ষ্যে আবেদন প্রক্রিয়া, ফি আদায় ও সেবা প্রদান কার্যক্রম সহজীকরণের জন্য একটি অনলাইন ভিত্তিক ডাইনামিক সফটওয়্যার তৈরি করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে প্রান্তিক পর্যায়ে সর্বসাধারণসহ সেচ যন্ত্র স্থাপনের জন্য কৃষকেরা সহজেই ইউনিয়ন পরিষদ হতে লাইসেন্সসহ সংশ্লিষ্ট সেবা পাবেন। | জনাব সোহাগ চন্দ্র সাহা, উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ সাল | প্রান্তিক পর্যায়ে সর্বসাধারণসহ সেচ যন্ত্র স্থাপনের জন্য কৃষকেরা সহ জেই লাইসেন্স ও ইউনিয়ন পরিষদ হতে সংশ্লিষ্ট সেবা পাবেন। | সর্বসাধারণ |
| ২৭ | **উদ্ভাবনের নাম: শিক্ষিত বেকারদের ফ্রিল্যান্সিং এর মাধ্যমে কর্মদক্ষ তৈরীর জন্য প্রশিক্ষণ**<br>**সংক্ষিপ্ত বর্ণনা** : বর্তমানে পঞ্চগড়ে অনেক শিক্ষিত বেকার রয়েছে। যারা চাকুরীর পিছনে তাদের গুরুত্বপূর্ণ সময়গুলো ব্যয় করছে। অপরদিকে সময়কে কাজে লাগিয়ে অনেকেই এই ফ্রিল্যান্সিং-এ কাজ করে প্রচুর অর্থ উপার্জন করছে। যারা শিক্ষিত বেকার রয়েছে তাদেরকে ফ্রিল্যান্সিং-এ দক্ষ হিসেবে তৈরী করে অনলাইনে আয় করার মাধ্যমে বেকারত্ব দূর করা সম্ভব হবে। এই প্রশিক্ষণের মাধ্যমে প্রত্যেক প্রশিক্ষণার্থীদের অনলাইনে আয় করিয়ে দিয়ার মত অবস্থান তৈরি করা করে দেয়া হবে। | জনাব মো: আরিফ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ | প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষিত বেকারদের ফ্রিল্যান্সিং-এ কর্মদক্ষ তৈরী করা। | শিক্ষিত বেকার যুব ও যুব মহিলা। |
| ২৮ | **উদ্ভাবনের নাম: বঙ্গবন্ধুকে পড় বঙ্গবন্ধুকে জানো শীর্ষক বই পড়া কার্যক্রমের মাধ্যমে কিশোর-কিশোরীদের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা বিকাশ সাধন**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** বর্তমান প্রজন্মের মাঝে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আদর্শ ও দেশপ্রেম পৌঁছে দেয়ার জন্যই আমাদের এই কার্যক্রম গ্রহণ। এর মাধ্যমে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে জানবে এবং বর্তমান প্রজন্মের কিশোর-কিশোরীদের মাঝে মুক্তিযুদ্ধের চেতনা বিকাশ সাধন হবে।এর মাধ্যমে পঞ্চগড় সদর উপজেলার প্রত্যেক ঘরে ঘরে প্রত্যেক শিশুই গড়ে উঠবে দেশপ্রেমিক নতুন প্রজন্ম হিসেবে। শৈশব থেকেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে জানিয়ে দেয়া। | জনাব মো: আরিফ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ২০২১ | বর্তমান প্রজন্মের কিশোর-কিশোরীদের মাঝে বঙ্গবন্ধুকে জানার মাধ্যমে মুক্তিযুদ্ধের চেতনা বিকাশ সাধন। | বর্তমান প্রজন্মের কিশোর-কিশোরী। |
| ২৯ | **উদ্ভাবনের নাম : সুস্থ্য ও মাদক মুক্ত সমাজ গঠনে তরুণ ও যুবসমাজকে ক্রীড়ায় সম্পৃক্তকরণ**<br>**সংক্ষিপ্ত বর্ণনাঃ** আটোয়ারী উপজেলা ৬টি ইউনিয়ন নিয়ে গঠিত। এর মধ্যে ৩টি ইউনিয়নে ভারতীয় সীমানা রয়েছে। উক্ত ৩টি ইউনিয়ন সীমান্তবর্তী হওয়ায় উপজেলার যুব সম্প্রদায় মাদকের জন্য ঝুঁকিপ্রবণ। মাদকাসক্ত হবার প্রবণতা থেকে উত্তরণের জন্য যুবসমাজকে বিভিন্ন ধরণের খেলা ধুলার সাথে সম্পৃক্ত করণের মাধ্যমে উদ্দীপ্তকরণ। যুবসমাজ খেলাধুলার সাথে সম্পৃক্ত থাকলে মাদক নির্মূলে উপজেলা প্রশাসনের গৃহীত উদ্যোগসমূহ সফল হবে। | জনাব আবু তাহের মো: সামসুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | এপ্রিল ২০২১ | মাদকমুক্ত সমাজ গঠন ও সুস্থ্য সবল তরুণ ও যুব সমাজ তৈরী। | যুবসমাজ |
| ৩০ | **উদ্ভাবনের নাম : বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের ইতিহাস সম্পর্কে জ্ঞান আহরনের** | জনাব আবু | জনপ্রশাসন | মার্চ | বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের | সকল ছাত্র/ছাত্রী |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | **ক্ষেত্র তৈরীর জন্য বই পাঠ উৎসব অনুষ্ঠান।**<br>**সংক্ষিপ্ত বর্ণনা**ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী, ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও বাংলাদেশের সঠিক ইতিহাস সম্পর্কে জ্ঞান আহরণের ক্ষেত্র তৈরীর জন্য ছাত্র/ছাত্রীদের নিয়ে বই পাঠ উৎসবের আয়োজন। ছাত্র/ছাত্রীরা এর মাধ্যমে বঙ্গবন্ধুকে নিয়ে জ্ঞান আহরণের পাশাপাশি বাংলাদেশের ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে জানতে পারবে। | তাহের মো: সামসুজ্জামান উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় | মন্ত্রণালয় | ২০২১ | সঠিক ইতিহাস সম্পর্কে ধারণা লাভ ও বিকৃত ইতিহাস হতে ছাত্র/ছাত্রীদের জ্ঞান অর্জনের ক্ষেত্র তৈরি করণ। | |
| ৩১ | **উদ্ভাবনের নাম : শিক্ষিত বেকারদের ফ্রিল্যান্সিং এর মাধ্যমে কর্মদক্ষতা তৈরীর জন্য ১০০ জনকে প্রশিক্ষণ প্রদান**<br>**সংক্ষিপ্ত বর্ণনা :** এ উপজেলার শিক্ষিত বেকার যুব ও যুব মহিলা ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করা এবং স্বাবলম্বী করে গড়ে তোলাই মূল উদ্দেশ্য। এ উদ্যোগের মাধ্যমে কম্পিউটার ট্রেডে ইন্টারনেট ও নেটওয়ার্কিংসহ কম্পিউটার বেসিক কোর্স, ওয়েবডিজাইনিং এবং কম্পিউটার গ্রাফিক্স কোর্স বেকার যুব ও যুবমহিলাদের হাতে কলমে বাস্তব ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ উদ্যোগের মাধ্যমে উপজেলার যুগোপযোগী ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করে বেকার শিক্ষিত যুবক ও যুবমহিলার কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে স্বাবলম্বী হবে। | জনাব প্রত্যয় হাসান, উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৭ মার্চ ২০২০ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | এ উপজেলার শিক্ষিত বেকার যুব ও যুব মহিলা ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করা এবং স্বাবলম্বী করে গড়ে তোলা। | ১০০ জন বেকার শিক্ষিত যুবক ও যুবমহিলা |
| ৩২ | **উদ্ভাবনের নাম : ‘পরিচ্ছন্ন গ্রাম, পরিচ্ছন্ন শহর’ কার্যক্রম পরিচালনা**<br>**সংক্ষিপ্ত বর্ণনা :** আমাদের উদ্দেশ্য হচ্ছে সর্বসাধারণের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতার দৈনন্দিন অভ্যাস গড়ে তোলার পাশা পাশি এ বিষয়ে তাদেরকে সচেতন করা। মশাবাহিত, পানিবাহিত, বায়ুবাহিত ও মৌসুমিরোগ-বালাই থেকে পরিত্রাণ পাওয়া। সেই সঙ্গে প্লাস্টিক-পলিথিনের ব্যবহার বর্জন এবং জলাবদ্ধতা দূর করেনতুন প্রজন্মকে উন্নত পরিচ্ছন্ন বাংলাদেশের চেতনায় উদ্বুদ্ধ করা ও তাদের মধ্যে পরিচ্ছন্নতার বোধ ও অভ্যাস গড়ে তোলা। এ উপজেলা প্রথম পর্যায়ে ইউনিয়নের ওয়ার্ডগুলোতে কাজ চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বর্তমানে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম আরও জোরদার করা চলমান রয়েছে। | জনাব প্রত্যয় হাসান, উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ, পঞ্চগড় | জনপ্রশাসন মন্ত্রণালয় | ১৭ মার্চ ২০২০ হতে ১৬ ডিসেম্বর ২০২১ | রোগ জীবানুমুক্ত পরিবেশ সৃষ্টি হবে এবং মানুষ সুস্থ্য ও সবল জীবন যাপন করবে। | সর্বসাধারণ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৩ | **উদ্ভাবনের নাম : মুর্জিববর্ষ উপলক্ষ্যে জনসচেতনতা প্রশিক্ষণ অগ্নি প্রতিরোধ ব্যবস্থা গ্রহণ জোরদারকরণসহ মহড়া**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** দুর্ঘটনা দুর্যোগে সবার আগে পাশে বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স। পঞ্চগড় জেলাসহ বিভিন্ন উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জনসচেতনতামূলক প্রচার প্রচারণা ২০২১ খ্রিঃ পর্যন্ত চলমান থাকবে । উল্লেখ্য উক্ত কার্যক্রম অত্র বিভাগের একটি রুটিন ওয়ার্ক। বিভিন্ন ব্যবসা ও শিল্প প্রতিষ্ঠানে অগ্নি প্রতিরোধ ও নির্বাপন আইন -২০০৩ মোতাবেক ফায়ার লাইসেন্স গ্রহনের প্রচার সহ অগ্নি প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণ। বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান, হাট বাজার, হাসপাতাল, বিশেষ গুরুত্বপূর্ণ | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পঞ্চগড় | সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় | জানুয়ারি - ২০২০ | জনগনের মাঝে সচেতনতা বৃদ্ধি পাবে এবং অগ্নিকান্ডসহ বিভিন্ন প্রকার দূর্যোগ দূর্ঘটনা হ্রাস পাবে । | পঞ্চগড় জেলার সর্বস্তরের জনসাধারণ । |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | স্থাপনা, (কেপি আই) সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে অগ্নি নিরাপত্তা বিষয়ক পরিদর্শন ও পরামর্শ দান । বিভিন্ন আবাসিক এলাকা ও বস্তি এলাকায় অগ্নিকান্ড সচেতনতায় মহড়া, গণসংযোগ ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। সড়ক দুর্ঘটনারোধে বাসটার্মিনাল ও হাইওয়ে রোডে টহলসহ বিভিন্ন প্রতিরোধ প্রতিকার মূলক স্লোগান প্রচার । পঞ্চগড় জেলার সকল এলাকায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের টেলিফোন নম্বর প্রচার সহ ৯৯৯ সম্মন্ধে ধারণা প্রদান করা হবে । বিভিন্ন হাট বাজার বস্তি ও আবাসিক এলাকায় এ্যাম্বুলেন্স সার্ভিস সহ অগ্নি নির্বাপক যন্ত্র ও বস্তা দ্বারা অগ্নি নির্বাপনের কৌশলগত কার্যক্রম চলমান থাকবে । বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে স্প্রিংকলার, হাইড্রেন্ট, হোজরীল সর্ম্পকে ধারণাসহ গুরুত্বপূর্ণ বাজারে আন্ডার গ্রাউন্ড রিজার্ভ ট্যাংক স্থাপন কার্যক্রমে সুপারিশ প্রদান করন । বিভিন্ন উদ্ধার সাজসরঞ্জাম ফায়ার স্টেশন চত্বরে প্রদর্শন করা হবে এবং প্রজেক্টরের মাধ্যমে প্রতিদিন সন্ধ্যার পর বিভিন্ন সচেতনমূলক ভিডিও চিত্র প্রদর্শন করা হবে । সকল কার্যক্রমেরবেশীর ভাগ কার্যক্রম বছর ব্যাপী চলমান থাকবে । | | | | | |
| ৩৪ | **উদ্ভাবনের নাম : উদ্বুদ্ধকরণসভা ও পাট চাষী প্রশিক্ষণ ৫০ জন করে**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ সম্পর্কে অবহিতকরণ এবং পাট চাষীদের পাট চাষ সম্পর্কে প্রশিক্ষণ। বাজেট প্রাপ্তি সাপেক্ষে। আগামী ২০২১ সালের মধ্যে । প্রশিক্ষণ ও অবহিত করণের ফলে বাস্তবায়নে সুফল আসবে। | মূখ্য পাট পরিদর্শক, মূখ্য পাট পরিদর্শক এর কার্যালয়, পঞ্চগড় | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ফেব্রুয়ারি ২০২০ | পাট চাষীদের মধ্যে সচেতনতা ও সক্ষমতা বৃদ্ধি পাবে। | পাট চাষী ও পাটের সাথে সম্পৃক্ত জনগন। |
| ৩৫ | **উদ্ভাবনের নাম : পুস্তক প্রকাশনী**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ‘‘মুজিববর্ষ’’ উদযাপন উপলক্ষ্যে ড: জহির উদ্দিন জেলা সরকারি গ্রন্থাগার, পঞ্চগড় এ ০৩ (তিন) দিনব্যাপী বঙ্গাবন্ধুর ছোটবেলা, জীবন ও কর্মের উপর সংগৃহীত বই নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হবে। যা সকাল ১১.০০ থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত চলবে এবং সকলের জন্য উম্মুক্ত থাকবে। | লাইব্রেরিয়ান, ডা: জহির উদ্দিন জেলা সরকারি গ্রন্থাগার। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ২০১৯-২০২০ অর্থবছর | সর্বস্তরের জনগন বঙ্গাবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কে বিশদভাবে জানতে পারবে। | পঞ্চগড় জেলার সর্বস্তরের জনগন । |
| ৩৬ | **উদ্ভাবনের নাম : চিত্রাংকন, রচনা ও পাঠ প্রতিযোগতা**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ‘‘মুজিববর্ষ’’ উদযাপন উপলক্ষ্যে ড: জহির উদ্দিন জেলা সরকারি গ্রন্থাগার, পঞ্চগড়ে অত্র জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে বঙ্গাবন্ধুর জীবন ও কর্মের উপর চিত্রাংকন, রচনা ও পাঠ প্রতিযোগিতা আয়োজন করা হবে। | লাইব্রেরিয়ান, ডা: জহির উদ্দিন জেলা সরকারি গ্রন্থাগার। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | আগস্ট-ডিসেম্বর ২০২১ | ছাত্র-ছাত্রীরা বঙ্গাবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কে বিষদভাবে জ্ঞান লাভ করবে। | পঞ্চগড় জেলার সকল ছাত্র-ছাত্রী। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৩৭ | **উদ্ভাবনের নাম : বঙ্গবন্ধুর জীবনের উপর বিশেষ মঞ্চ নাটক এবং প্রামাণ্য চিত্র প্রদর্শন**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা হতে বাহিনীর নিজস্ব অকেষ্ট্রা দল প্রত্যকটি জেলা ও উপজেলা পর্যায়ে সদস্য সদস্যাদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীর উপর বিশেষ মঞ্চ নাটক এবং প্রামাণ্য চিত্র প্রদর্শন করানোর উদ্যোগ গ্রহণ করা হবে। | জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পঞ্চগড় | সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ডিসেম্বর ২০২১ | জাতির পিতার জীবন ইতিহাস, আদর্শ, বাঙ্গালী জাতি ও বাংলাদেশের জন্য তাঁর অবদান ও আত্মত্যাগ সম্পর্কে জানতে পারবে | সাধারণ জনগণ ও তৃণমূল পর্যায়ের আনসার ও ভিডিপি সদস্য । |
| ৩৮ | **উদ্ভাবনের নাম : মুজিববর্ষ উপলক্ষে প্রত্যেকটি উপজেলায় আনসার ভিডিপি সদস্য-সদস্যাদের নিয়ে দূর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ পরিচালনা :**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** মুজিববর্ষ উপলক্ষে পঞ্চগড় জেলার ০৫টি উপজেলা পর্যায়ে আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের নিয়ে গ্রাম ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত গ্রাম প্রশিক্ষণে বাহিনীর সদস্য-সদস্যাদের দুর্যোগ বিষয়ক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়েছে। | জেলা এ্যাডজুটেন্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পঞ্চগড় | সুরক্ষা সেবা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০৮/১১/2০২০ হতে ১৯/১১/2০২১ পর্যন্ত | সাধারণ মানুষ দুর্যোগ বিষয়ক বিভিন্ন কার্যক্রম সম্পর্কে প্রশিক্ষণ লাভ করবে। | আনসার ও ভিডিপি সদস্যগণ এবং দুর্যোগ কবলিত জনগণ। |
| ৩৯ | **উদ্ভাবনের নাম : বঙ্গবন্ধু কর্ণার স্থাপন**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে ইসলামিক ফাউন্ডেশন, পঞ্চগড় জেলা কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়। এতে বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও আদর্শের ওপর ত্রিশটি বই রয়েছে, যা একটি বঙ্গবন্ধু মিনি লাইব্রেরী'তে রূপলাভ করেছে। যে কোনও ধর্মের আগ্রহী ব্যক্তি; স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষার্থীরা বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও দর্শন, রাজনীতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, ধর্মীয় উদারতা এবং ইসলামের প্রচার ও প্রসারে তাঁর অবদানসহ সম্পর্কে জ্ঞান লাভ করতে পাবেন। বঙ্গবন্ধু কর্ণার অফিস প্রধানের নিজস্ব ব্যবস্থাপনায় স্থাপন করা হয়েছে। | উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন পঞ্চগড় | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | জুন ২০২০ | বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও দর্শন, রাজনীতি, স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ, ধর্মীয় উদারতা এবং ইসলামের প্রচার ও প্রসারে তাঁর অবদান সম্পর্কে জ্ঞান লাভ করা। | যে কোনও ধর্মের আগ্রহী ব্যক্তি; স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষার্থীরা। |
| ৪০ | **উদ্ভাবনের নাম :** মুজিববর্ষ উপলক্ষে তিনটি নির্বাচিত গ্রন্থ হতে মৌলিক প্রশ্নকরণ প্রতিযোগিতা আয়োজন।<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জাতির জনক বঙ্গবন্ধু শেখা মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে তাঁর প্রতি গভীর শ্রদ্ধা জানাতে ও তাঁর জীবন-দর্শন মানুষের মাঝে ছড়িয়ে দিতে তিনটি নির্বাচিত গ্রন্থ থেকে মৌলিক প্রশ্নকরণ অনলাইনের মাধ্যমে প্রতিযোগিতার আয়োজন করা হয়। গ্রন্থ তিনটি হলো: কারাগারের রোজনামচা, অসমাপ্ত আত্মজীবনী, শেখ মুজিব আমার পিতা।<br>উল্লিখিত মৌলিক প্রশ্নকরণ প্রতিযোগিতায় বাউবি'র সকল প্রোগ্রামের শিক্ষার্থী, টিউটর, সমন্বয়কারী ও বাউবি'র সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী উক্ত প্রতিযোগিতায় অনলাইনের মাধ্যমে অংশগ্রহণ করেন। প্রতিযোগিদের ৪টি গ্রুপে ক, খ, গ ও ঘ ভাগে বিভক্ত করে প্রশ্ন উত্তর মূল্যায়ন করা হবে। ৪টি বিভাগের প্রত্যেক গ্রুপের ১ম, ২য় ও ৩য় | উপ আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পঞ্চগড় | মাধ্যামক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | ফেব্রুয়ারি ২০২১ | সর্বস্তরের জনগন বঙ্গবন্ধুর জীবন ও কর্ম সম্পর্কে বিশদভাবে জানতে পারবে। | স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষার্থীরা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | স্থান অধিকারীকেকে পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ২৪.০২.২০২১ তারিখ রাত ৯.৩০ ঘটিকায় আয়েজিত ওয়েবিনার্স https//bdren.zoom.us/১/৬৫২৩৩৫২৫৫০২ লিংকে প্রবেশ করে দেশ বিদেশের সকল শিক্ষার্থী, টিউটর, সমন্বয়কারী এবং বাউবির সকল স্তরের শিক্ষক কর্মকর্তা ও কর্মচারী সরাসরি অংশ গ্রহণ করেন। | | | | | |
| ৪১ | **উদ্ভাবনের নাম : রেশম চাষীদের আইডি কার্ড প্রদান:**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** মুজিববর্ষ উদযাপন উপলক্ষে পঞ্চগড় রেশম সম্প্রসারণ কেন্দ্রের আওতাধীন প্রায় ২০০ জন রেশম চাষীদেরকে আইডি কার্ড প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের অর্থায়নে ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়ন করা হবে। এতে রেশম চাষীদের রেশম চাষে আগ্রহ বৃদ্ধি পারে। | ব্যবস্থাপক, রেশম সম্প্রসারণ কেন্দ্র বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, পঞ্চগড় | বস্ত্র ও পাট মন্ত্রণালয় | ২০২০-২০২১ অর্থবছর | উৎপাদিত রেশম গুটির মূল্য ও সরকারি সহায়তা ডিজিটাল মোবাইল ব্যাংকিং পদ্ধতিতে পরিশোধের সহায়ক হবে। | রেশম চাষী। |
| ৪২ | **উদ্ভাবনের নাম : খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ২০২০ সালে ৫ মাসের স্থলে ৬ মাস অর্থাৎ ০১ (এক) মাস বিতরণ কার্যক্রম**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে খাদ্য বান্ধব কর্মসূচি ২০২০ সালে ৬ মাস (মার্চ-মে এবং সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ২০২০) চাল বিতরণ নির্দেশনার প্রেক্ষিতে বছরে ৫ মাসের স্থলে ৬ মাস (মার্চ-মে এবং সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর) অর্থাৎ মুজিববর্ষ উপলক্ষে অতিরিক্ত ০১ মাস খাদ্য বান্ধব কর্মসূচি ১০/- টাকা কেজি দরে চাল বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয়। বিতরণকৃত উপজেলার সংখ্যা-০৫টি, সুবিধা ভোগীর সংখ্যা : ৫০৪৬৬ জন, অতিরিক্ত এক মাসের মোট উত্তোলণ ও বিক্রির পরিমাণ ১৫১১.৭৩০ মে. টন। | জেলা খাদ্য নিয়ন্ত্রক পঞ্চগড় | খাদ্য মন্ত্রণালয় | মার্চ ২০২০ হতে হতে নভেম্বর ২০২০ পর্যন্ত ০৬ মাস। | খাদ্য বান্ধব কুমসূচিতে পুষ্টি চাল বিতরণের ফলে এক দিকে যেমন সুবিধাভোগীদের খাদ্যাভাবের চাহিদা পূরণ হচ্ছে অন্যদিকে পুষ্টির চাহিদাও পূরণ হচ্ছে। | সুবিধাভোগী/ জনসাধারণ। |
| ৪৩ | **উদ্ভাবনের নাম : মুজিববর্ষ উপলক্ষ্যে অটিজম ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া আনন্দ উৎসব**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জাতির পিতা বঙ্গাবন্ধ শেখ মুজিবুর রহমান এর শৈশব ছিল আনন্দময় এবং খেলাধুলাময়। তিনি নিজে ফুটবলসহ বিভিন্ন গ্রামীণ খেলাধুলার সাথে জড়িত ছিলেন। পাশা পাশি তিনি শিশুদের ভালবাসতেন এবং শিশুদের একটি সুন্দর জীবন গড়ে তোলার লক্ষ্যে খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক কার্যক্রম ও বিভিন্ন প্রতিযোগিতার সঙ্গে সম্পৃক্ত থাকতে আহ্বান জানিয়েছেন। আমাদের সমাজে বিশেষ চাহিদা সম্পন্ন কিছু শিশু রয়েছে, তারাও আমাদের সমাজের একটি অংশ। | জেলা ক্রীড়া অফিসার পঞ্চগড়। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ২০২০-২০২১ সাল | অটিজম ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়ে একটি ক্রীড়া আনন্দ উৎসব বাস্তবায়ন করা । | বিশেষ চাহিদা সম্পন্ন শিশু। |
| ৪৪ | **উদ্ভাবনের নাম : নিরাপদ সবজি গ্রাম প্রতিষ্ঠা**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** নিরাপদ সবজি উৎপাদনের জন্য বর্তমানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় প্রতি উপজেলায় দুইটি গ্রামে বিষমুক্ত সবজি উৎপাদন কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এ লক্ষ্যে গ্রামের সকল চাষীদের বিষমুক্ত সবজি উৎপাদনের জন্য প্রশিক্ষণ | উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ | কৃষি মন্ত্রণালয় | নভেম্বর ২০২০ হতে চলমান | চাষীরা বেশী দামে সবজি বিক্রি করতে পারবে পাশাপাশি নিরাপদ সবজি গ্রহনে জনগণকে অভ্যস্থ করে তুলবে। আগামীতে মানুষের নিরাপদ | ১.কৃষকেরা সবজির ন্যায্যমূল্য প্রাপ্ত হবে। ২. জনগণ নিরাপদ সবজি গ্রহণ করতে |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | কর্মসূচী, প্রদর্শনী স্থাপন, সবজি উৎপাদনে ভেষজ ও জৈব বালাইনাশক ফেরোমন ফাঁদ, আকর্ষক ফাঁদ, বিভিন্ন ধরনের ট্রাপ,ইত্যাদি সরবরাহ, উঠান বৈঠক ও মাঠ দিবসের কর্মসূচীও হাতে নেয়া হয়েছে। উৎপাদিত বিষমুক্ত নিরাপদ সবজি যাতে কৃষকেরা ন্যায্যমূল্যে বিক্রি করতে পারে সে বিষয়ে ব্যবস্থাপনা কার্যক্রম হাতে নেয়া হয়েছে এবং বিপননে পঞ্চগড় বাজারের সাথে লিংকেজ স্থাপন করা হয়েছে।<br>নিরাপদ সবজি গ্রামের নাম ঃ তেতুলিয়া উপজেলায় - শারিয়াল জোত, চিমান জোত<br>সদর উপজেলায় - ভাবরঙ্গী,পাইকানি<br>আটোয়ারী উপজেলায় - দোহশুহ,রসেয়া<br>বোদা উপজেলায় - কামাড়পাড়া, বানিয়াপাড়া<br>দেবীগঞ্জ উপজেলায় - পূর্ব দেবীডুবা, মনির পাড় | অধিদপ্তর পঞ্চগড় | | | সবজি গ্রহনে উৎসাহিত করবে। | পারবে। |
| ৪৫ | **উদ্ভাবনের নাম : নিরাপদ সবজি বাজার/দোকান প্রতিষ্ঠা**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** নিরাপদ সবজি উৎপাদনের জন্য চাষীদের উৎপাদিত মানসম্মত সবজি সহজেই সকলের নিকট গ্রহণযোগ্য ও এর সুফল ভোক্তাদের মাঝে পৌঁছানোর লক্ষ্যে প্রতিটি উপজেলায় ১টি করে নিরাপদ সবজির দোকান/বাজার তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দোকানের সামনে ব্যানারের মাধ্যমে কৃষকের উৎপাদিত সবজির নাম ও মূল্য তালিকা ঝুলানো থাকবে ফলে সচেতন ক্রেতারা সহজেই দেখতে পাবেন এবং তা ক্রয় করার সিদ্ধান্ত নিবেন।<br>দোকানের নাম :<br>ক) মো: আব্দুর রহমান, চৌরাস্তা বাজার, তেঁতুলিয়া, পঞ্চগড়।<br>খ) শাহিনুর ট্রেডার্স, পঞ্চগড় বাজার, পঞ্চগড়<br>গ) তাপস চন্দ্র বর্মন, কিসমত, রসেয়া রাবিন মার্কেট, আটোয়ারী, পঞ্চগড়<br>ঘ) মো: রূহুল আমিন, বলরাম বাজার, বোদা, পঞ্চগড়।<br>ঙ) নজরুল ইসলাম, দেবীগঞ্জ, বাজার, পঞ্চগড়[ | উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পঞ্চগড় | কৃষি মন্ত্রণালয় | নভেম্বর ২০২০ হতে চলমান। | মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক কীটনাশক মুক্ত সবজি গ্রহনে উদ্বুদ্ধ হবেন। | জেলার সর্বস্তরের জনগণ। |
| ৪৬ | **উদ্ভাবনের নাম : পানি পরীক্ষাগারের ভবন উদ্বোধন**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় টেকসই উন্নয়নের ১৭টি অভীষ্টের মধ্যে ৬নং অভীষ্ট বাস্তবায়নের জন্য জনসাধারেনের মাঝে নিরাপদ পানি সরবরাহ ও উন্নত স্যানিটেশন নিশ্চিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অত্র দপ্তর কর্তৃক যে সমস্ত পানির উৎস স্থাপন করা হয় সে সমস্ত উৎসের পানিতে আর্সেনিক, আয়রন এবং ক্লোরাইডসহ অন্য কোন ক্ষতিকারক উপাদান নিদিষ্ট মাত্রার চেয়ে বেশি আছে কিনা তা পরীক্ষা পূর্বক জনসাধারনকে ব্যবহারে উৎসাহিত করেন। এতদিন যাবৎ আমরা পানির গুনগতমান পরীক্ষার জন্য পানির নমুনা রংপুর আঞ্চলিক | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, পঞ্চগড়। | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | এপ্রিল ২০২১ | সমস্ত উৎসের পানিতে আর্সেনিক, আয়রন এবং ক্লোরাইডসহ অন্য কোন ক্ষতিকারক উপাদান নিদিষ্ট মাত্রার চেয়ে বেশি আছে কিনা তা পরীক্ষা পূর্বক জনসাধারনকে ব্যবহারে উৎসাহিত করা। | জেলার সর্বস্তরের জনগণ। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | পানি পরীক্ষাগারে প্রেরণ করতাম। রংপুর থেকে পানি পরীক্ষা হয়ে ফলাফল আসাটি ছিল সময় সাপেক্ষ। কিন্তু আমরা অত্যান্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, মুজিব বর্ষ উপলক্ষ্যে পঞ্চগড় জেলা পানি পরীক্ষাগারের ভবন এপ্রিল/২০২১ সালে উদ্বোধন হতে যাচ্ছে। উল্লেখ থাকে যে, মন্ত্রনালয় কর্তৃক পানি পরীক্ষাগারে জনবল নিয়োগ স্বাপেক্ষে পরীক্ষাগারের কার্যক্রম পুরোপুরিভাবে চালু হবে। | | | | | |
| ৪৭ | **উদ্ভাবনের নাম : বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার সম্প্রসারণ**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** কক্ষে অবক্ষ মুর্তি স্থাপন, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ ভিত্তিক বই পুস্তক আলমারীতে সংরক্ষণ, দর্শনার্থীদের উক্ত বই পড়ার ব্যবস্থা থাকবে। বসার জন্য সোফাসেট টেবিল স্থাপন। | অধ্যক্ষ, পঞ্চগড় সরকারি মহিলা কলেজ, পঞ্চগড়। | মাধ্যামক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | জুন ২০২১ | কলেজের ছাত্রী, শিক্ষক, অভিভাবক ও দর্শনার্থীগন মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সম্পর্কে জানতে পারবে। | কলেজের ছাত্রী, শিক্ষক, অভিভাবক ও দর্শনার্থীগন |
| ৪৮ | **উদ্ভাবনের নাম : কলেজের শহীদ মিনারের দেয়ালে একাডেমিক ভবনের দেয়ালে বঙ্গমাতার ম্যূরাল স্থাপন**<br>**সংক্ষিপ্ত বর্ণনা:** কলেজের শহীদ মিনারের দেয়ালে একাডেমিক ভবনের দেয়ালে বঙ্গমাতার ম্যূরাল স্থাপন। | অধ্যক্ষ, পঞ্চগড় সরকারি মহিলা কলেজ, পঞ্চগড়। | মাধ্যামক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | ৮ আগষ্ট ২০২১ এর মধ্যে | মুক্তির সংগ্রাম ও মুক্তিযুদ্ধে বঙ্গমাতা যে ভূমিকা রেখেছিলেন সে সম্পর্কে ছাত্রীদের মধ্যে কৌতুহল জাগানো। | সর্বস্তরের জনগণ। |
